# রমজানের শেষ দশক ইবাদতের শ্রেষ্ঠ সময়: সৌদি গ্র্যান্ড মুফতি



ছবি: সংগৃহীত

রমজানের শেষ দশ দিনকে আরও বেশি ইবাদত, দোয়া ও সৎকর্মে কাজে লাগানোর আহ্বান জানিয়েছেন শায়খ সালেহ আল-ফাওযান। তিনি মুসলমানদের উদ্দেশে বলেন, হজরত মুহাম্মদ (সা.)-এর আদর্শ অনুসরণ করে এ সময়টিকে আত্মশুদ্ধি ও আল্লাহর নৈকট্য লাভের জন্য ব্যয় করা উচিত।

Saudi Gazette-এর প্রতিবেদনে জানানো হয়, রোববার দেওয়া এক বার্তায় গ্র্যান্ড মুফতি জোর দিয়ে বলেন, শেষ দশক ইবাদতের জন্য বিশেষ মর্যাদাপূর্ণ। তাই নামাজ আদায়, ইতিকাফ, পবিত্র কোরআন তিলাওয়াত, দান-সদকা ও নানামুখী নেক আমলে সক্রিয় থাকা প্রয়োজন।

তিনি আরও উল্লেখ করেন, পুরো মাসজুড়েই বেশি বেশি দোয়া করা এবং আন্তরিকতার সঙ্গে আল্লাহর কাছে প্রার্থনায় অবিচল থাকা প্রত্যেক মুসলমানের দায়িত্ব।

এদিকে, সৌদি আরবে রমজানের শেষ দশক শুরু হওয়ায় মসজিদুল হারাম ও মসজিদে নববী-তে হাজারো মুসল্লি ইতিকাফে অংশ নিয়েছেন। নির্ধারিত প্রক্রিয়ায় নিবন্ধন ও অনুমতি সম্পন্ন করে তারা মসজিদে অবস্থান নিয়ে ইবাদত, জিকির ও আত্মসমালোচনায় সময় কাটাচ্ছেন।

দুই পবিত্র মসজিদের তত্ত্বাবধানে থাকা কর্তৃপক্ষ ইতিকাফকারীদের জন্য নানা সুবিধা নিশ্চিত করেছে। মসজিদুল হারামে অংশগ্রহণকারীদের বিশেষ কিট দেওয়া হচ্ছে, যেখানে স্লিপিং ব্যাগ, ব্যাকপ্যাক, বালিশ ও ব্যক্তিগত পরিচ্ছন্নতার সামগ্রী রয়েছে।

পাশাপাশি দিকনির্দেশনা, ব্যবস্থাপনা সহায়তা, চিকিৎসাসেবা, অনুবাদ সহায়তা, আপ্যায়ন ও প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহের মাধ্যমে সার্বিক সহযোগিতাও দেওয়া হচ্ছে।